

রহমান রহীম আল্লাহ্ তায়ালার নামে

- ০৮২-১ ভোরের শপথ,
- ০৮২-২ শপথ দশটি (বিশেষ) রাতের,
- ০৮২-৩ শপথ জোড় (সৃষ্টি)-এর ও বিজোড় (সৃষ্টি)-এর,
- ০৮২-৪ শপথ রাতের যখন তা সহজে বিদায় নিতে থাকে,
- ০৮২-৫ এর মধ্যে কি বিবেকবান লোকদের জন্যে কোনো শপথ রাখা হয়েছে?
- ০৮২-৬ তুমি কি দেখোনি, তোমার মান্নিক আ'দ (জাতি)-এর লোকদের সাথে কেমন ব্যবহার করেছেন?
- ০৮২-৭ 'এরাম' গোত্র (ছিলো) উঁচু স্তম্ভবিশিষ্ট প্রাসাদের অধিকারী,
- ০৮২-৮ (জ্ঞান ও ঐশ্বর্যের দিক থেকে) জনপদে তাদের মতো কাউকেই (এর আগে) সৃষ্টি করা হয়নি,
- ০৮২-৯ (উন্নত) ছিলো সামুদ, তারা (পাহাড়ের উপত্যকায়) পাথর কেটে (সুরম্য) অট্টালিকা বানাতে,
- ০৮২-১০ (অভ্যচারী) ফেরাউন- যে কীলক গেঁথে (শাস্তি) প্রদানকারী (যাল্ম) ছিলো,
- ০৮২-১১ যারা দেশে দেশে (আল্লাহর সাথে) বিদ্রোহ করেছে,
- ০৮২-১২ তারা তাতে বেশী মাত্রায় (বিপর্যস্ত ও) অশাস্তি সৃষ্টি করেছে,

- ০৮২-১৩ অবশেষে তোমার প্রতিপালক তাদের ওপর আযাবের কোড়ার কষাঘাত হানলেন,
- ০৮২-১৪ অবশ্যই তোমার মালিক (এদের ধরার জন্যে) ঔৎ পেতে রয়েছেন;
- ০৮২-১৫ মানুষরা এমন যে, যখন তার মালিক তাকে নেয়ামত (অর্থ সম্পদ) ও সম্মান দিয়ে পরীক্ষা করেন তখন সে বলে, হাঁ, আমার মালিক আমাকে সম্মানিত করেছেন;
- ০৮২-১৬ আবার যখন তিনি (ভিন্নভাবে) তাকে পরীক্ষা করেন (এবং এক পর্যায়ে) তার রেযেক সংকুচিত করে দেন, তখন সে (নাখোশ হয়ে) বলে, আমার মালিক আমাকে অপমান করেছেন,
- ০৮২-১৭ কখনো নয় (সত্যি কথা হচ্ছে), তোমরা এতীমদের সম্মান করো না,
- ০৮২-১৮ মিসবীনদের খাওয়ানোর জন্যে তোমরা একে অপরকে উৎসাহ দাও না,
- ০৮২-১৯ তোমরা মৃত ব্যক্তির (রেখে যাওয়া) ধন-সম্পদ নিজেরাই সব কুঙ্কিত করো,
- ০৮২-২০ বৈষয়িক ধন-সম্পদকে তোমরা গভীরভাবে ভালোবাসো;
- ০৮২-২১ কখনো নয়, তেমনটি কখনোই উচিত নয় (স্মরণ করো), যেদিন এ সাজানো পৃথিবীটাকে চূর্ণ-বিচূর্ণ করে দেয়া হবে,
- ০৮২-২২ (সেদিন) তোমার মালিক স্বয়ং আবির্ভূত হবেন, আর ফেরেশতারা সব সারিবদ্ধভাবে দাঁড়িয়ে থাকবে,
- ০৮২-২৩ সেদিন জাহান্নামকে (সামনে) নিয়ে আসা হবে, যেদিন প্রতিটি মানুষই (তার পরিগাম) বুঝতে পারবে, কিন্তু (তখন) এ বোধোদয় তার কী কাজে লাগবে ?

- ০৮৯-২৪ সেদিন এ (হতভাগ্য) ব্যক্তি বলবে, কতো ভালো হতো যদি (আজকের) এ জীবনের জন্যে (কিছুটা ভালো কাজ) আমি আগে ভাগেই পাঠিয়ে দিতাম,
- ০৮৯-২৫ সেদিন আল্লাহ তায়ালা (এ বিদ্রোহীদের) এমন শাস্তি দেবেন যা অন্য কেউ দিতে পারবে না,
- ০৮৯-২৬ এবং তাঁর বাঁধনের মতো বাঁধনেও কেউ (পাপীদের) বাঁধতে পারবে না;
- ০৮৯-২৭ (নেককার বান্দাদের বলা হবে,) হে প্রশান্ত আত্মা,
- ০৮৯-২৮ তুমি তোমার মানিকের কাছে ফিরে যাও সন্তুষ্টচিত্তে ও তাঁর প্রিয়ভাজন হয়ে,
- ০৮৯-২৯ অতঃপর তুমি আমার প্রিয় বান্দাদের দলে शामिल হয়ে যাও,
- ০৮৯-৩০ (আর) প্রবেশ করো আমার (অনন্ত) জান্নাতে।

Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed
Al Quran Academi London

Published as Portable Document Format by: *Mohammad Noor-e-Alam Siddiquee*
More Free Islamic Stuff at www.siddiquee.co.nr